

সিলেটে ৩৯৪ স্কুলের শিক্ষা কার্যক্রম বন্ধ

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥
ফ্রেডস ইন ডিলেজ ডেভেলপমেন্ট
অব বাংলাদেশ (এফআইডিডিবি)
পরিচালিত ৩৯৪টি প্রাথমিক
বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম
অনিশ্চিত হয়ে পড়েছে।
বেসরকারী উন্নয়ন সংস্থা প্রকল্প
মেয়াদোত্তীর্ণ হওয়ার অজুহাত
দেখিয়ে কোন ঘোষণা ছাড়াই
বিদ্যালয়গুলোতে অর্থায়ন
বন্ধ করে দেয়ায় এ অবস্থা
হয়েছে। ফলে কয়েক
হাজার শিক্ষক-শিক্ষিকা
বেকার ও অর্ধ লক্ষাধিক
শিক্ষার্থীর ভবিষ্যত এখন
স্বপ্নের মুখে। ইতোমধ্যে বন্ধ
হয়ে গেছে ৫১টি বিদ্যালয়ের
কার্যক্রম।
জানা যায়, ১৮৬০ সালের
সোমাইটি রেজিঃ অ্যাক্ট এর
বিধান মতে, এফআইডিডিবি
র মূল কাজের মধ্যে অন্যতম
হচ্ছে অতিদরিদ্র এলাকার শিশু
ও বয়স্কদের অক্ষর জ্ঞান
শিক্ষার জন্য প্রাথমিক
বিদ্যালয় পরিচালনা করা।
এরই একটি প্রকল্প 'জনশীলন'
। তবে প্রকল্প বন্ধ হলেই
যে বিদ্যালয় পরিচালনা বন্ধ
করতে হবে এমন কিছু
এফআইডিডিবি নিয়মে নেই।
সূত্র জানায়, ২০১৩ সালের
৮ ডিসেম্বর একযোগে সব
বিদ্যালয়ের পরিচালনা
কমিটির সভাপতি বরাবরে
চিঠি দেয় এফআইডিডিবি।
চিঠিতে বলা হয় নেদারল্যান্ড
সরকারের দাতা সংস্থা
'এ্যামসি অব দ্য কিংডম'
নেদারল্যান্ড এর 'জনশীলন'
এফআইডিডিবি প্রকল্পে
আর্থিক সহায়তার পাঁচ
বছরের চুক্তির মেয়াদ
গত ৩১ ডিসেম্বর শেষ
হওয়ায় বিদ্যালয়
পরিচালনায় এফআইডিডিবি
র পক্ষ থেকে সব ধরনের
সহায়তা প্রদানও শেষ।
এরপর থেকেই অর্থের
অভাবে বন্ধ হয়ে যাচ্ছে
বিদ্যালয়গুলো। এফআইডিডিবি
বিদ্যালয়ে কর্মরত শিক্ষক-
শিক্ষিকা জানান, বিদ্যালয়
গুলো বন্ধ হওয়ায় দেড়
হাজারেরও বেশি শিক্ষক-
শিক্ষিকা বেকার। টাকার
অভাবে অনিশ্চিত হয়ে
পড়েছে ছেলে মেয়েদের
পড়ালেখা ও পরিবারের
জীবন-জীবিকা। শিক্ষার্থীদের
ভবিষ্যত এখন অন্ধকারে।